



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাজামাটি পার্বত্য জেলা
(নেজারত শাখা)
(www.rangamati.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০৩.০২.০০৭.২৫-২৭

তারিখ: ২৪ পৌষ ১৪৩১
০৮ জানুয়ারি ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “তারুণ্যের উৎসব-২০২৫” উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে শহীদ এম. আব্দুল শুকুর মাঠে আগামী ১৬-২৫ জানুয়ারি ২০২৫ তারিখ ১০ দিন ব্যাপী “লোক ও কারুশিল্প মেলা” আয়োজন করা হয়েছে। উক্ত “তারুণ্যের উৎসব-২০২৫” উদযাপন উপলক্ষ্যে আয়োজিত “লোক ও কারুশিল্প মেলা”-তে স্টল বরাদ্দ পাওয়ার আবেদনপত্র এবং স্টল ও ব্যানার ফি জমাদানের রশিদ আগামী ১৩ জানুয়ারি ২০২৫ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত জেলাপ্রশাসকের কার্যালয়ের নেজারত শাখায় গ্রহণ করা হবে।

শর্তাবলী:

১। সকল স্টলের ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ব্যানার বাবদ ৫০০/- (পাঁচশত) টাকাসহ সর্বমোট ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা নিম্নোক্ত ব্যাংক একাউন্টে জমাদানপূর্বক জমাদানের রশিদ আবেদনের সাথে আবশ্যিকভাবে জমা দিতে হবে। আবেদনপত্রে মোবাইল নম্বর আবশ্যিক।

ব্যাংকের নাম: ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, রাজামাটি

রাউটিং নম্বর: 125840529

ব্যাংক হিসাবের নাম: TARONNO UTSHOB-2025,

হিসাবের নম্বর: 20502010202050604

- ২। সুবিধাদি: ১ টি টেবিল, ২ টি চেয়ার, ১ টি লাইট এবং ১ টি স্টল ব্যানার;
- ৩। স্টলের স্থান অপরিষ্কার থাকলে বা যে কোন ক্ষতি করলে পরবর্তীতে ভর্তুকি ফি দিতে হবে;
- ৪। একই মালিকানায় একাধিক স্টল বরাদ্দ পাওয়ার আবেদন করা যাবে;
- ৫। স্টল বরাদ্দের চূড়ান্ত তালিকা ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ বিকাল ৩.০০ টায় জেলাপ্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে। স্টলের তুলনায় আবেদনপত্র বেশী হলে লটারীর মাধ্যমে স্টল বরাদ্দ দেয়া হবে; আবেদনকারী স্টল বরাদ্দ না পেলে তার স্টল ফি ফেরত প্রদান করা হবে;
- ৬। চূড়ান্ত নির্বাচিত আবেদনকারীদের পরিশোধিত স্টল ফি অফেরতযোগ্য;
- ৭। বরাদ্দকৃত স্টলের বাহিরে কোন পণ্য, খাবার বা রাইড মেলার প্রাঙ্গণ বা আশেপাশে বিক্রয়/প্রদর্শন সম্পূর্ণ নিষেধ;
- ৮। নিষিদ্ধ কোন পণ্য বিক্রয় বা প্রদর্শন করা যাবে না;
- ৯। উপর্যুক্ত নিয়মাবলীর বাইরের যেকোন বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত;


০৮/০১/২০২৫
নেজারত ডেপুটি কমিশনার
রাজামাটি পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩৭১৬০৯

e-mail:ndcrangamati@gmail.com